গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।
**[কাস্টমস: অটোমেশন শাখা]**

স্মারক নং: ০৮.০১.০০০০.০৬৬.০৭.০১৪.২১/১৪৭ তারিখ: ০৯-০৯-২০২৪ খ্রি.

**বিষয়:** **<u>অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এনহ্যান্সড ভ্যালুয়েশন মডিউল বাস্তবায়ন (ধাপ-৩)।</u>**

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং ০৮.০১.০০০০.০৬৬.০৭.০১৪.২১/৯৩, তারিখ: ২১.০৩.২০২৪ খ্রি.
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং ০৮.০১.০০০০.০৬৬.০৭.০১৪.২১/৪৪, তারিখ: ২৫.০১.২০২৪ খ্রি.
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং ০৮.০১.০০০০.০৬৬.০৭.০১৪.২১/১০৩, তারিখ: ০১.০৮.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুযায়ী, সকল কাস্টমস হাউস এবং ল্যান্ড কাস্টমস স্টেশনের মাধ্যমে আমদানিকৃত পণ্যের যথাযথ মূল্য নির্ধারণে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ডেভেলপকৃত ভ্যালুয়েশন মডিউলের প্রয়োজনীয়তা অপরিহার্য। এই মডিউলে উক্ত বিধিমালা অনুযায়ী কোন পণ্যের সঠিক মূল্য নির্ধারণের উদ্দেশ্যে পণ্যের সঠিক বাণিজ্যিক বর্ণনা ও অন্যান্য স্পেসিফিকেশন দাখিল বাধ্যতামূলক। এ মডিউল কার্যকর করার লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের বিস্তারিত বর্ণনা, মডেল, সাইজ, ব্র্যান্ড, ফ্লেভার, কম্পোনেন্টস, টাইপ, ইউজেস ক্যাটাগরি, প্যাকিং সাইজ, কম্পোজিশন, আর্ট নম্বর, পার্ট নম্বর সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করা একান্ত প্রয়োজন। ভ্যালুয়েশন মডিউল বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সহকারী রাজস্ব কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, অ্যাসিস্ট্যান্ট কমিশনার হতে তদুর্ধ্ব কাস্টমস কর্মকর্তা, আইটি কর্মকর্তা এবং সিএন্ডএফ এজেন্টগণকে ইতোমধ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২। জাতীয় রাজস্ব বোর্ডের অন্তর্ভুক্ত ৭টি কাস্টমস হাউস এবং সকল স্থল কাস্টমস স্টেশনে ভ্যালুয়েশন মডিউল কার্যকরের অংশ হিসেবে গত ১১.০২.২০২৪ খ্রি. তারিখে সুত্রোক্ত ২ নং এবং ০৮.০৮.২০২৪ খ্রি. তারিখে সুত্রোক্ত ৩ নং পত্রে উল্লিখিত পণ্যসমূহের জন্য ভ্যালুয়েশন মডিউল কার্যকর করা হয়েছে এবং আগামী ১৫.০৯.২০২৪ খ্রি. তারিখ হতে নিম্নোক্ত ছকে উল্লিখিত পণ্যসমূহের জন্য অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ভ্যালুয়েশন মডিউল কার্যকর হবে। উল্লেখ্য, যদি কোন পণ্যের এইচএস কোড ভ্যালুয়েশন মডিউলের অন্তর্ভুক্ত হয়, তবে উক্ত এইচএস কোডের জন্য নির্ধারিত ফিল্ডে সঠিক তথ্য ইনপুট ব্যতিরেকে সিএন্ডএফ এজেন্টগণ বিল অব এন্ট্রি দাখিল করতে সক্ষম হবেন না। এছাড়াও, রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তাগণ ভ্যালুয়েশন মডিউলের নির্দিষ্ট কার্য সম্পাদন ব্যতিরেকে উক্ত বিল অব এন্ট্রির অ্যাসেসমেন্ট সম্পন্ন করতে পারবেন না। সিএন্ডএফ এজেন্টগণ কোন ফিল্ডে অযাচিত তথ্য ইনপুট দিলে রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তাগণ তা সংশোধন করে উক্ত বিল অব এন্ট্রির অ্যাসেসমেন্ট সম্পন্ন করবেন। অন্যথায়, আগামী ১৫.০৮.২০২৪ খ্রি. তারিখ হতে অযাচিত তথ্য সম্বলিত কোন বিল অব এন্ট্রি দাখিল, অ্যাসেসমেন্ট সম্পন্ন হলে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট, সহকারী রাজস্ব কর্মকর্তা এবং রাজস্ব কর্মকর্তা কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট এর আওতাভুক্ত হবেন এবং জাতীয় রাজস্ব বোর্ডের ২১.০৩.২০২৪ খ্রি. তারিখের আদেশ নং-০৮.০১.০০০০.০৬৬.০৭.০১৪.২১/৯৩ এর আলোকে ইউজার ভিত্তিক শাস্তিমূলক ব্যবস্থা কেন্দ্রীয়ভাবে গ্রহণ করা হবে।

| ক্রমিক নং | পণ্যের বাণিজ্যিক নাম | এইচএস কোড | আবশ্যিক ফিল্ডসমূহ |
|---|---|---|---|
| ১ | Seasoning/ Flavored Seasoning/ Mixed Seasoning | 2103.10.00<br>2103.20.00<br>2103.90.10<br>2103.90.90 | Brand, **Type1**(Salt, Spiced Salt, Saltpeter, Plain Vinegar (Sodium Acetate), Aromatized with Tarragon, Aromatized with Verjuice, Aromatized with Lemon, Aromatized with Orange Juices, Peppercorns, Ground or Coarsely Chopped Pepper, or Mignonette Pepper, Cayenne, Mixed Pepper Spices, Paprika, Clove Oil, Other), Size, Flavour |

| ক্রমিক নং | পণ্যের বাণিজ্যিক নাম | এইচএস কোড | আবশ্যিক ফিল্ডসমূহ |
|---|---|---|---|
| ২ | Waters, including mineral Waters and aerated waters excluding non-alcoholic beer | 2202.99.00 | Brand, Flavour, Size |
| ৩ | Mixture of Odoriferous Substances | 3302.90.00 | **Usage Category** (Tobacco, Food Industry, Cosmetics Industries, Other Industries), Size, Brand |
| ৪ | Sports Footwear | 6403.19.00 | Brand, **Composition**(Fiber, Leather, Rexine, Fabrics, Other), Size |
| ৫ | Footwear | 6405.90.00 | Brand, Composition, Size, **Size Standard** (US, UK, EU) **Usage Category** (Male, Female, Kids), **Composition** (Fiber, Leather, Rexine, Fabrics, Other) |
| ৬ | Computer Monitor | 8528.52.10<br>8528.59.00 | Brand, Model, Size, **Type1** (LED, LCD, CRT), **Multifunctionality** (Yes, No) |
| ৭ | LED Lamps | 8539.50.00 | Brand, Model, Capacity |
| ৮ | LED Bulb | 8539.52.00 | |
| ৯ | Motorcycles | 8711.20.11 | Brand, Model, CC, Year of Manufacture |
| ১০ | Olive oil and its fractions, whether or not refined, but not chemically modified | 1509.20.10<br>1509.20.90<br>1509.30.10<br>1509.30.90<br>1509.40.10<br>1509.40.90<br>1509.90.10<br>1509.90.90 | Brand, Packing size, **Type1** (Wrapped, Canned, Bulk), Extra Virgin |
| ১১ | Refined Sunflower-seed or sunflower oil | 1512.19.00 | Brand, Packing size, **Type1** (Wrapped, Canned, Bulk) |
| ১২ | Coffee imported in retail pack | 2101.11.00<br>2101.12.00<br>2101.20.00<br>2101.30.00 | Brand, Flavour, **Type1** (Roasted, Extract, Other), Packing size |

৩। এমতাবস্থায়, বিদ্যমান বাস্তবতায় আমদানি-রপ্তানিতে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ভ্যালুয়েশন মডিউল বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০৩/২০২৪

**(মোঃ আবদুল কাইয়ুম)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)
ই-মেইল: ss.asycud@gmail.com

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি, কমলাপুর/বেনাপোল/পানগাঁও/মোংলা।

০৭-১৫। কমিশনার, কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাক (উত্তর)/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/কুমিল্লা/রংপুর/খুলনা/যশোর।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা;

২। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, মগবাজার, ঢাকা;

৩। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা;

৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;

৫। সভাপতি, সিএন্ডএফ এজেন্টস অ্যাসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি/বেনাপোল/মোংলা/পানগাঁও।